# রাজশাহী সিটি কর্পোরেশন
## রাজশাহী

erajshahi.portal.gov.bd

**স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ী ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অফ সিটি কর্পোরেশন (C4C2) প্রকল্প, জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (JICA) সহযোগিতায় পরিচালিত প্রকল্পের আওতায় রাজশাহী সিটি কর্পোরেশনের গভর্ন্যান্স কৌশলপত্র বাস্তবায়ন সংক্রান্ত গঠিত কমিটির সভার কার্য-বিবরণী:**

**সভাপতি : প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।**
**সভার তারিখ : ৮ ডিসেম্বর, ২০২৪**
**সময় : বেলা ১১:০০ ঘটিকা**
**স্থান : সচিব মহোদয়ের দপ্তর কক্ষ**

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ "ক"

**সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অদ্যকার সভার আলোচ্যসূচি ভিত্তিক মতামত ও পরামর্শ প্রদানের আহবান জানান।**

**আলোচ্যসূচি-১ ঃ** ২০২৪-২০২৫ অর্থবছর গভর্ন্যান্স কৌশলপত্র ভিত্তিক কর্মপরিকল্পনা রিভিউ করা ।

**আলোচনা-১ ঃ** ২০২৪-২০২৫ অর্থবছর গভর্ন্যান্স কৌশলপত্র ভিত্তিক কর্মপরিকল্পনা সম্পর্কে পর্যালোচনা করা হয়। উক্ত কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপর স্ব স্ব অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনের বিষয়ে পর্যালোচনা ও আলোচনাপূর্বক সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত-১ ঃ** সভায় ২০২৪-২০২৫ অর্থবছর গভর্ন্যান্স কৌশলপত্র ভিত্তিক কর্মপরিকল্পনা সম্পর্কে পর্যালোচনা ও আলোচনান্তে কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপর স্ব স্ব অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

**আলোচ্যসূচি-২ ঃ** সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) ও ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) পুর্নগঠন সম্পর্কে আলোচনা।

**আলোচনা-২ ঃ** ডিসেম্বর ২০২৪ এর মধ্যেই সিএলসিসি এবং ডব্লিউএলসিসির সংস্কার এবং সভার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। একই সাথে দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড কাউন্সিলর ও কর্মকর্তাগণের নিকট পত্র প্রেরণের বিষয়ে পর্যালোচনা ও আলোচনান্তে সভায় সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত-২ ঃ** সভায় ডিসেম্বর ২০২৪ এর মধ্যেই সিএলসিসি এবং ডব্লিউএলসিসির সংস্কার এবং সভার আয়োজনের ও দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড কাউন্সিলর ও কর্মকর্তাগণের নিকট পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

**আলোচ্যসূচি-৩ ঃ** ২০২৪-২০২৫ অর্থবছর প্রশিক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

**আলোচনা-৩ ঃ** সভায় আগামী ৩ (তিন) মাসের মধ্যে বিদ্যমান প্রশিক্ষণ পরিকল্পনা সম্পর্কে আলোচনা করা হয় এবং জানুয়ারী ২০২৫ মাসে জাপানে স্থানীয় শাসনের উপর মিনি লার্নিং এবং সংলাপের কর্মশালা আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত-৩ ঃ** সভায় আগামী ৩ (তিন) মাসের মধ্যে বিদ্যমান প্রশিক্ষণ পরিকল্পনা জানুয়ারী ২০২৫ মাসে জাপানে স্থানীয় শাসনের উপর মিনি লার্নিং এবং সংলাপের কর্মশালা আয়োজন করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

**আলোচ্যসূচি-৪ ঃ** বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের গুনগত মান বৃদ্ধি সংক্রান্ত আলোচনা।

**আলোচনা-৪ ঃ** সভায় LGD নির্দেশিকা এবং বিন্যাস অনুসরণ করে AAR-এর প্রতিবেদন তৈরির বিষয়েও পর্যালোচনা ও আলোচনাপূর্বক শিক্ষা কর্মকর্তা আল মাহমুদ রনি, এবং কিউরেটর মোঃ আনারুল হক আনারকে আগামী অর্থবছরের বার্ষিক প্রশাসনিক



Scanned with CamScanner

প্রতিবেদন তৈরি করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সমন্বয়পূর্বক প্রতিবেদনটি প্রস্তুতকরণ ও উন্নত করার বিষয়ে একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত-৪ ঃ** সভায় LGD নির্দেশিকা এবং বিন্যাস অনুসরণ করে AAR-এর প্রতিবেদন তৈরির বিষয়েও আলোচনাপূর্বক শিক্ষা কর্মকর্তা আল মাহমুদ রনি, এবং কিউরেটর মোঃ আনারুল হক আনারকে আগামী অর্থবছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন তৈরি করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সমন্বয়পূর্বক প্রতিবেদনটি প্রস্তুতকরণ ও উন্নত করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : শিক্ষা কর্মকর্তা আল মাহমুদ রনি, এবং কিউরেটর মোঃ আনারুল হক আনার, রাসিক।

**আলোচ্যসূচি-৫ ঃ বিবিধ**

**আলোচনা-বিবিধ ১ ঃ** বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে জানান যে, তাদের বিএসিএস ভিত্তিক বাজেট প্রণয়নের ক্ষেত্রে রাজশাহী সিটি কর্পোরেশন পরিষদের অনুমোদন প্রয়োজন এবং চলতি ডিসেম্বর ২০২৪ এর মধ্যেই সংশোধিত বাজেট সভার মাধ্যমে প্রণয়ন করা হবে। BACS ভিত্তিক বিন্যাস অনুসরণ করে ASA প্রস্তুতি চলছে এবং এটি নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত করা হবে।

**সিদ্ধান্ত-১ ঃ** BACS ভিত্তিক বাজেট প্রণয়নের ক্ষেত্রে রাজশাহী সিটি কর্পোরেশন পরিষদের অনুমোদন, ডিসেম্বর ২০২৪ এর মধ্যেই সংশোধিত বাজেট সভার মাধ্যমে সংশোধিত বাজেট প্রণয়ন, BACS ভিত্তিক বিন্যাস অনুসরণপূর্বক ডিসেম্বর ২০২৪ এর মধ্যেই ASA প্রস্তুতির বিষয়ে সভায় **সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।** বাস্তবায়নে : বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক।

**আলোচনা-বিবিধ ২ ঃ** সভায় রাজশাহী সিটি কর্পোরেশন এর কৌশলপত্র বাস্তবায়ন কমিটির **দুটি মডেল প্রবিধান পর্যালোচনাপূর্বক জানুয়ারী ২০২৫ এর মধ্যে যাচাইয়ের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে একমত পোষণ করা হয়।**

**সিদ্ধান্ত-২ ঃ** সভায় রাজশাহী সিটি কর্পোরেশন এর কৌশলপত্র বাস্তবায়ন কমিটির দুটি মডেল প্রবিধান পর্যালোচনাপূর্বক জানুয়ারী ২০২৫ এর মধ্যে যাচাইয়ের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : আইন কর্মকর্তা, রাসিক।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. এ.বি.এম শরীফ উদ্দিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন।

স্মারক নংঃ ৪৬.১২.০০০০.০০৩.১৪.৭৩৯.২২. ১০ (১০) তারিখ: ৬ ~~ডিসেম্বর~~ জানুয়ারি ২০২৫ খ্রিঃ / 22 পৌষ ১৪৩১ বঙ্গাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ ও প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশনের একান্ত সচিব (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন এঁর সদয় অবগতির জন্য)।

২। জনাব ........................................................................................, রাজশাহী সিটি কর্পোরেশন।

৩। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

৪। অফিস নথি।

সচিব
রাজশাহী সিটি কর্পোরেশন।

E Humaun 8.12.2024 C4C2 Reju

Scanned with CamScanner